

শিক্ষার্থীদের শুধু সনদ অর্জনের জন্য পড়ালেখা করা যাবে না বলে মন্তব্য করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

তিনি বলেন, ‘আধুনিক বিশ্বে কী ঘটছে তা শিক্ষার্থীদের প্রতিনিয়ত জানতে হবে। যদি তা জানতে না পারে তাহলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অপূর্ণ থেকে যাবে। জ্ঞানার্জন এবং যোগ্য ও আলোকিত মানুষ হিসেবে নিজেকে তৈরি করতে হবে।’

রবিবার সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ব্যবসায় প্রশাসন অনুষদের অন্তর্ভুক্ত বিভাগগুলোর প্রথম বর্ষের নবীনবরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান বলেন, ‘একটি সমৃদ্ধ দেশ-জাতি গঠনে শিক্ষার গুরুত্ব অপরিসীম। যে জাতি যত বেশি শিক্ষিত, সে জাতি তত বেশি উন্নত। নবীন শিক্ষার্থীরা দেশ-জাতির ভবিষ্যত কর্ণধার।’

নবীনবরণ অনুষ্ঠান উদ্বোধন করেন উপাচার্য ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য ড. শিরীণ আখতার ও অ্যাকাউন্টিং বিভাগের সুপারনিউমেরারি অধ্যাপক মনজুর মোরশেদ খান।

ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন ড. এ এফ এম আওরঙ্গজেবের সভাপতিত্বে এবং মার্কেটিং বিভাগের অধ্যাপক মোহাম্মদ জাভেদ হোসেন ও সহযোগী অধ্যাপক দীপান্বিতা ভট্টাচার্যের পরিচালনায় অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) ড. মুস্তাফিজুর রহমান ছিদ্দিকী, প্রক্টর মোহাম্মদ আলী আজগর চৌধুরী, ছাত্রছাত্রী পরামর্শ ও নির্দেশনা কেন্দ্রের পরিচালক ড. আহমদ সালাউদ্দিন, প্রীতিলতা হলের প্রভোস্ট পারভীন সুলতানা প্রমুখ।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com